



নারী গ্রাম পুলিশ নিয়োগে গুরুত্ব দিলেন মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার ব্যবস্থাকে আরও কার্যকর ও জনবান্ধব করতে গ্রাম পুলিশে নারী সদস্য নিয়োগের ওপর গুরুত্ব দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। একই সঙ্গে গ্রাম আদালতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর বিষয়েও গুরুত্বারোপ করেছেন তিনি।

সোমবার সচিবালয়ে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি-এর প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকে এসব বিষয়ে আলোচনা হয়। বৈঠকে ইউএনডিপি'র ডেপুটি রেসিডেন্ট রিপ্রেজেন্টেটিভ সোনালি দয়ারভূসহ চার সদস্যের প্রতিনিধি দল উপস্থিত ছিলেন।

বৈঠকে গ্রাম আদালতের কার্যক্রম আরও শক্তিশালী করে গ্রামীণ জনগণের জন্য সহজ, দ্রুত ও কম খরচে ন্যায়বিচার নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। মন্ত্রী বলেন, স্থানীয় পর্যায়ে ছোটখাটো বিরোধ দ্রুত নিষ্পত্তি হলে সাধারণ মানুষ সহজে বিচার পাবে এবং আদালতের ওপর চাপও কমবে।

নারীর অংশগ্রহণ বাড়ানোর প্রসঙ্গে তিনি বলেন, গ্রাম পুলিশে নারী সদস্য যুক্ত হলে স্থানীয় সরকারের কার্যক্রম আরও স্বচ্ছ ও কার্যকর হবে। পাশাপাশি নারী ও শিশু সংক্রান্ত সামাজিক সমস্যাগুলো মোকাবিলায়ও তারা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবেন।

এ সময় স্থানীয় সরকার বিভাগের সচিব মো. শহীদুল হাসানসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।